

স্মারক নং ৩৯.০০.০০০০.০০১.২৮.০০১.১৬- ৩৪৮

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৩  
১১ ডিসেম্বর ২০১৬

## নিয়োগ বিজ্ঞপ্তি


বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়োক্ত শূন্য পদসমূহে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল   | শূন্য পদের সংখ্যা | বয়স সীমা  | শিক্ষাগত যোগ্যতা   | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না  |
|-----------|---|-------------------|--|--|---|
| ১         | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল-টাকা-১১০০০/-<br>২৬৫৯০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)      | ৫ (পাঁচ) টি       | অনুর্ধ্ব ৩০ বৎসর। তবে, বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত, বাংলা সাঁট-লিপিতে প্রতি মিনিটে ৪৫ শব্দের গতি এবং ইংরেজী সাঁট-লিপিতে প্রতি মিনিটে ৭০ শব্দের গতি, কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে <b>Word Processing/Data Entry ও Typing</b> এর সর্বনিম্ন গতি:<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(খ) ইংরেজী: প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | ঢাকা বিভাগ: গাজীপুর, নরসিংদী, রাজবাড়ী, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, ময়মনসিংহ বিভাগ: ময়মনসিংহ, শেরপুর, জামালপুর<br>চট্টগ্রাম বিভাগ: চাঁদপুর, বি-বাড়িয়া, লক্ষীপুর<br>রাজশাহী বিভাগ: সিরাজগঞ্জ, নওগা, পাবনা<br>খুলনা বিভাগ: মাগুরা, খুলনা, নড়াইল<br>বরিশাল বিভাগ: বরিশাল, ঝালকাঠি  |
| ২         | অফিস সহকারী কাম-<br>কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেল-টাকা-৯৩০০/-<br>২২৪৯০/-<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ৪ (চার) টি        | অনুর্ধ্ব ৩০ বৎসর। তবে, বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে <b>Word Processing/ Data Entry ও Typing</b> এর সর্বনিম্ন গতি:<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজী: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।   | ঢাকা বিভাগ: গাজীপুর, নরসিংদী, রাজবাড়ী, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর<br>ময়মনসিংহ বিভাগ: ময়মনসিংহ, শেরপুর, জামালপুর<br>চট্টগ্রাম বিভাগ: চাঁদপুর, বি-বাড়িয়া, লক্ষীপুর<br>রাজশাহী বিভাগ: সিরাজগঞ্জ, নওগা, পাবনা<br>খুলনা বিভাগ: মাগুরা, খুলনা, নড়াইল<br>বরিশাল বিভাগ: বরিশাল, ঝালকাঠি  |
| ৩         | অফিস সহায়ক (এম এল এস এস) বেতন স্কেল-টাকা-<br>৮,২৫০-২০,০১০/-<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫)                    | ৯ (নয়) টি        | ১৮-৩০ বৎসর   | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।   | ঢাকা বিভাগ: মনিকগঞ্জ, মাদারীপুর, মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, নারায়নগঞ্জ,<br>ময়মনসিংহ বিভাগ: ময়মনসিংহ, কিশোরগঞ্জ ও নেত্রকোনা<br>চট্টগ্রাম বিভাগ: নোয়াখালী, কুমিল্লা, চাঁদপুর, বি-বাড়ীয়া, ফেনী<br>রাজশাহী বিভাগ: নওগাঁ, নাটোর, বগুড়া, রাজশাহী<br>খুলনা বিভাগ: সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মাগুরা, কুষ্টিয়া<br>বরিশাল বিভাগ: ঝালকাঠী, পিরোজপুর, বরিশাল<br>রংপুর বিভাগ: দিনাজপুর, পঞ্চগড়, রংপুর, লালমনিরহাট |
| ৪         | বার্তা বাহক<br>বেতন স্কেল-টাকা-৮,২৫০-<br>২০,০১০/-<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫)                               | ১ (এক) টি         | ১৮-৩০ বৎসর   | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।   | ফরিদপুর ও মানিকগঞ্জ জেলা ব্যতীত বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।  |

আবেদনের শর্তাবলী:

- আবেদনকারীকে নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.most.gov.bd](http://www.most.gov.bd)) হতে ডাউনলোড করে উক্ত নির্ধারিত ফরম এবং প্রবেশপত্র পাওয়া যাবে।
- প্রার্থীর নাম, পিতার/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ ও বয়স ( আগামী ১লা জানুয়ারি ২০১৭ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে), জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক আবেদনপত্র আগামী ১লা জানুয়ারি ২০১৭ তারিখে মধ্যে অফিস সময়ে যুগ্মসচিব ও আহবায়ক বিভাগীয় নির্বাচন কমিটি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ( ভবন-৬, কক্ষ নং- ৯২৫ ) ঢাকা-১০০০ ঠিকানায় ডাকযোগে পাঠাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

- ৩। আবেদনপত্রের সাথে ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত ১ (এক) কপি চারিত্রিক সনদপত্র, বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র, সম্প্রতি তোলা গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, জাতীয় পরিচয় পত্রের (যদি থাকে) সত্যায়িত কপি ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি প্রদান করতে হবে।
- ৪। এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা কোটা বহির্ভূত ১০% কোটা বিধিমেতে সংরক্ষণ করা হবে। বিশেষ কোটায় (এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী) সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩২ বৎসর। এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে।
- ৫। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩২ বৎসর। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- ৬। উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে প্রদান করতে হবে।
- ৭। সরকারী প্রচলিত বিধি মোতাবেক কোটাসমূহ সংরক্ষিত হবে।
- ৮। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- ৯। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে (অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়)।
- ১০। সাঁট-মুদ্রাঙ্করিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাঙ্করিক পদের জন্য সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) ১-২৬০১-০০০১-২০৩১ নম্বর কোডে জমাদানপূর্বক চালানের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১১। অফিস সহায়ক( এম এল এস এস) পদের জন্য সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ১-২৬০১-০০০১-২০৩১ নম্বর কোডে জমাদানপূর্বক চালানের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১২। আবেদনকৃত খামের ওপর পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে এবং অব্যবহৃত ৬/- (ছয়) টাকার ডাকটিকেট সংযুক্ত অপর একটি খামের ওপর প্রার্থীর পূর্ণ ঠিকানা (যোগাযোগ ঠিকানা) উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১৩। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।
- ১৪। ক্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৬। পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য প্রার্থীদেরকে কোন ভ্রমণভাতা বা দৈনিক ভা তা প্রদান করা হবে না।
- ১৭। কোন ধরণের তদবির/সুপারিশ/ভুল তথ্য অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
- ১৮। নিয়োগ বিজ্ঞপ্তিটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের [www.most.gov.bd](http://www.most.gov.bd) ওয়েব সাইটেও পাওয়া যাবে।

  
১১/১২/১৬

মোঃ খলিলুর রহমান  
উপসচিব  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
ও  
সদস্য সচিব  
বিভাগীয় নির্বাচন কমিটি



## প্রবেশ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.most.gov.bd](http://www.most.gov.bd)

ছবি  
(আঠা দিয়ে লাগাতে  
হবে)

(অফিস কর্তৃক পূরণীয়)

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

রোল নং- জেলা: .....

পদের নাম: .....

পরীক্ষা কেন্দ্রের নাম: .....

নাম: .....

পরীক্ষার তারিখ: .....

পিতা/ স্বামীর নাম: .....

পরীক্ষার সময়: .....

বর্তমান ঠিকানা: .....

.....  
.....

- ১। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে
- ২। মোবাইল ফোন ও ক্যালকুলেটর নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না
- ৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে
- ৪। প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীর সাথে আনতে হবে
- ৫। প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখা হবে
- ৬। এ নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না
- ৭। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য এ প্রবেশপত্রই সঙ্গে আনতে হবে
- ৮। নিয়োগের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন সাপেক্ষে নিয়োগপত্র প্রেরণ করা হবে
- ৯। পরীক্ষার ফলাফল মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.most.gov.bd](http://www.most.gov.bd)) প্রকাশ করা হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও ও সময় ওয়েবসাইটে জানিয়ে দেয়া হবে
- ১০। মৌখিক পরীক্ষার সময় আবেদনের সাথে দাখিলকৃত সকল সনদ/কাগজপত্রের মূল কপি সংগে আনতে হবে

বি: দ্র: এই প্রবেশপত্রের দুই কপি আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।